

বিস্ফোরক পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ডিসেম্বর/২০২০ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভা : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ
সভার তারিখ ও সময় : ১০/১২/২০২১ খ্রি: বেলা ১১:০০ ঘটিকা।
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সদস্য সচিব জনাব মনিরা ইয়াসমিন জানান, ২০২০-২০২১ অর্থবছরের এপিএ টিমের ১২টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। অদ্য অনুষ্ঠিত সভাটি ৬ষ্ঠ সভা।

আলোচনা

১। নভেম্বর মাসের এপিএ টিমের সভার সিদ্ধান্ত অনুযায়ী

- (ক) শূদ্ধাচার ও উত্তম চর্চার বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ;
(খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ;
(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভাসমূহ ২৩.১১.২০২০ তারিখে সম্পন্ন করা হয়েছে।

২। সদস্য সচিব সভাকে জানান যে, বিস্ফোরক, পেট্রোলিয়াম, গ্যাস সিলিন্ডার এবং গ্যাসাধার এর আমদানি, পরিবহন ও মজুদের লাইসেন্স মঞ্জুর এর ক্ষেত্রে লক্ষ্যমাত্রার ৪৭.০৯% অর্জিত হয়েছে এবং বেজা/এসইজেড অঞ্চলের শিল্পে লাইসেন্স আবেদনের ক্ষেত্রে নির্ধারিত সময়ের পূর্বেই নিষ্পত্তি হয়েছে।

৩। তিনি আরও জানান, ২য় কোয়ার্টারের লক্ষ্য মাত্রা অনুযায়ী ডিসেম্বর মাসের মধ্যে অংশীজনদের সাথে ০৩টি মতবিনিময়/অবহিতকরণ সভার আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৪। কর্মসম্পাদনের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বৃদ্ধিঃ

সদস্য সচিব সভাকে বলেন যে, এপিএর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২০২১ এর অনুচ্ছেদ ২.৪.১ অনুযায়ী প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। জনঘন্টা পূরণের লক্ষ্যে অনুচ্ছেদ ২.৪.২ অনুযায়ী ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

সিদ্ধান্ত

- (ক) ১৫-১২-২০২০ তারিখের মধ্যে এপিএ কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
(খ) শূদ্ধাচার ও উত্তম চর্চার বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;
(গ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;
(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১২/২০২০

(দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)
প্রধান বিস্ফোরক পরিদর্শক (অ.দা)।

ও

আস্বায়ক/টিম লিডার, এপিএ টিম।
বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।